

২০২০

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-B-2

(দেশভাগ ও বাংলা সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) অতীন বন্দ্যোপাধ্যায়ের 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসে সাম্প্রদায়িক অসূয়া ও দেশভাগের পটভূমিতে হিন্দু-মুসলমান সম্প্রীতির যে-মিথস ছবি ধরা পড়েছে, সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০
অথবা,
(খ) অতীন বন্দ্যোপাধ্যায়ের 'নীলকণ্ঠ পাখির খোঁজে' উপন্যাসের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো। ১০
- ২। (ক) জ্যোতির্ময়ী দেবীর 'এপার গঙ্গা ওপার গঙ্গা' গল্পে দেশান্তরী মানুষের অস্তিত্বের সংকটের যে-ছবি তুলে ধরা হয়েছে, সে-সম্পর্কে আলোচনা করো। ১০
অথবা,
(খ) সলিল চৌধুরীর 'ড্রেসিং টেবিল' গল্পে ফ্যাসিবাদ-বিরোধী মানবতাবাদের উদার আহ্বান কীভাবে প্রকাশ পেয়েছে, সে-সম্পর্কে আলোচনা করো। ১০
- ৩। (ক) কবি দিনেশ দাশের '১৫ই আগস্ট ১৯৪৭' কবিতায় দেশভাগের যে-মর্মবেদনা প্রকাশ পেয়েছে, সে-সম্পর্কে আলোচনা করো। ১০
অথবা,
(খ) কবি সুভাষ মুখোপাধ্যায়ের 'পারাপার' কবিতায় দুই বাংলার যে ঐক্যচেতনা প্রকাশ পেয়েছে, তার স্বরূপ পরিস্ফুট করো। ১০
- ৪। (ক) 'হিন্দুরা আমাদের দেখলে ছ্যাপ ফেলায়। আমরা-অ দ্যাশ ফ্যালামু।'— প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ৫
অথবা,
(খ) 'এই হাস্যকর অবস্থায় মানুষেরা এখানে এসে ভয়ংকর দ্বন্দ্ব পড়ে গেছে।'— প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বুঝিয়ে দাও। ৫
- ৫। (ক) 'একটি খদ্দেরের টুপি আগেই কিনে রাখলে বোধ হয় আর একটু সুবিধা হতো।'— প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

Please Turn Over

অথবা,

(খ) 'এমনই একটি সুযোগের জন্যে তারা যেন ওত পেতে ছিল, সঙ্গে সঙ্গে বাঁপিয়ে পড়ে।' — প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

৬। (ক) 'এক জল এক ঢেউ এক ধারা
এক শীতল অতল অবগাহন, শুভদায়িনী শান্তি।' — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

অথবা,

(খ) 'ভাগাভাগির ভাঙাভাঙির
চলছে যেন হরির লুঠ!' — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

৭। যে-কোনো একটি প্রসঙ্গ সম্পর্কে টীকা লেখো : ৫×১

- (ক) ওলাওঠা দেবী
(খ) চটকলের বাঁশি
(গ) বর্গী।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

- (ক) 'আপনে না আইলে, আমি-ও যামু না।' — কে, কাকে বলেছে?
(খ) 'কুষ্ঠী ঠিকুজি এবং রাশিফল এমনই সব বলছে।' — কুষ্ঠী ঠিকুজি রাশিফল কী বলছে?
(গ) 'তুই গেলে দেখতে পাবি, কত বড় কঙ্কাল।' — কে, কোন্ কঙ্কালের কথা বলেছে?
(ঘ) 'যেন আত্মহত্যার কথা ভেবে এই মেয়ে এখন বসে আছে।' — মেয়েটি কে?
(ঙ) 'গোটা গোটা অক্ষরে লেখা।' — কে, কাকে লিখেছে?
(চ) 'দুর্গা কাঠ। দুর্গা পাথর।' — কেন?
(ছ) 'সে সঙ্কুচিত হয়ে পড়ে।' — কে, কেন সঙ্কুচিত হয়ে পড়ে?
(জ) 'ঘরের জেলে তারা কয়েদ।' — ঘরের জেলে কারা, কেন কয়েদ?
(ঝ) 'ও আমার পুরুষের ত্যাজ।' — পুরুষটি কে?
(ঞ) 'কিন্তু ধরার উপায় নেই, দেখলে মনে হয় ঠিক বাঙ্গালি' — কার সম্পর্কে কার এমন মনে হয়েছে?
(ট) 'আমাদের শত্রুও সেই এক' — কে, কাদের শত্রু?
(ঠ) 'ডাক আসে ধূসর শহরে' — কীসের ডাক আসে?
(ড) 'তোমাকে বলেছিলাম, যত দেরিই হোক,
আবার আমি ফিরে আসব।' — কে, কাকে বলেছিলেন?
(ঢ) 'কিন্তু সে কথা বলা আমার সাজে না' — কার, কোন্ কথা বলা সাজে না?
(ণ) 'যে কেউ ভাববে দিনকানা এক হেঁজিপেজি বাহাত্তুরে বুড়ি।' — কার কথা বলা হয়েছে?